# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১২১

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৯৫তম কমিশন সভা আজ কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. ইতোপূর্বে কমিশনের ৬৫৫তম সভায় ADN Telecom Limited কর্তৃক প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে সাধারণ শেয়ার ইস্যু করে ৫৭ (সাতান্ন) কোটি টাকার তহবিল উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে ইস্যু মূল্য নির্ধারণের জন্য যোগ্য বিনিয়োগকারীগণের (Eligible Investors) বিডিং এর অনুমোদন প্রদান করা হয়েছিল। যোগ্য বিনিয়োগকারীগণ (Eligible Investors) বিডিং-এর মাধ্যমে উক্ত কোম্পানীর প্রতিটি শেয়ার ৩০.০০ (ত্রিশ) টাকায় প্রান্ত-মূল্য (□□□-□□□ □□□□□) নির্ধারণ করে। সে অনুযায়ী ১,১৮,৭৫,০০০ টি সাধারণ শেয়ার ৩০.০০ (ত্রিশ) টাকা মূল্যে যোগ্য বিনিয়োগকারীর (El i gi bl e I nvest or s) ও ২৭.০০ (সাতাশ) টাকা মূল্যে (কাট-অফ মূল্য থেকে ১০% বাট্টায়) ৭৯,১৬,৬৬৬ টি সাধারণ শেয়ার সাধারণ বিনিয়োগকারীর (অনিবাসী বাংলাদেশীসহ) নিকট ইস্যুর প্রস্তাবে কমিশন আজকের সভায় অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৫৭ (সাতান্ন) কোটি টাকা পুঁজি উত্তোলন করে ভৌত কাঠামো উন্নয়ন (BMRE for infrastructure development), ডাটা সেন্টার স্থাপন, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ১৬.১৩ এবং বেসিক শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৫২ ও সমন্বিত শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৩৬। ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা ১.৮১। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজত রয়েছে আইসিবি ক্যাপিটাল ম্যানেমেন্ট লিঃ। উল্লেখ্য যে, কোম্পানীটির ৩০ শে জুন ২০১৮ তারিখে সমাপ্ত বৎসরের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ১৮.৮০ এবং বেসিক শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৬৭।

২. Build Bangladesh Social Entrepreneurs Fund নামক একটি ইমফ্যাক্ট ফান্ড এর নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত আজকের সভায় গৃহীত হয়, যে ফান্ডটির আকার ৮৩ কোটি টাকা এবং এর মেয়াদ হবে ১০ বছর। ফান্ডটির উদ্যোক্তা JC Management Company Limited, ফান্ড ম্যানেজার ইমপ্রেস ক্যাপিটাল লিঃ এবং ট্রাস্টি গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ। ফান্ডটি মূলত দেশের সামাজিক ও পরিবেশ এর উন্নয়নের উদ্দেশ্যে কৃষি ও খাদ্য প্রক্রিয়াকরণ, স্বাস্থ্য ও নিরাপত্তা, নবায়নযোগ্য ও বিশুদ্ধ জ্বালানি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, টেকসই উৎপাদনখাত, শিক্ষা, প্রকৌশল, পর্যটন ইত্যাদিতে বিনিয়োগ করবে।

৩. গত দুই বছরের ন্যায় এবছরও কমিশন কর্তৃক আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯ থেকে ০৪ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত International Organization of Securities Commissions (IOSCO) কর্তৃক ঘোষিত বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ, ২০১৯ উদ্যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ উপলক্ষ্যে সেমিনার, ওয়ার্কশপ, আলোচনা সভাসহ নানাবিধ কর্মসূচি পালন করা হবে।

৪. বাজার মধ্যস্থতাকারী (তালিকাভূক্ত কোম্পানী ব্যতীত) প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য অদ্যকার কমিশন সভায় উপস্থাপিত হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একটি অতি গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ। বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষায় বিনিয়োগকারীদের দাখিলকৃত অভিযোগ নিষ্পত্তির জন্য কমিশন সবচেয়ে বেশি গুরুত্ব দিয়ে থাকে। ২০১৮-২০১৯ অর্থবৎসরে কমিশন বিনিয়োগকারীদের অভিযোগ দ্রুত নিষ্পত্তির জন্য বিভিন্ন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করেছে যার ফলে এই আর্থিক বৎসরে নিষ্পত্তিকৃত অভিযোগের হার ৭৮.২১%। কিছু অভিযোগের ক্ষেত্রে কমিশন এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ করেছে। যদি এনফোর্সমেন্ট বিভাগের ব্যবস্থা গ্রহণ এই হিসাবে আনা হয় তাহলে অভিযোগ নিষ্পত্তির হার হবে ৯২.০৭%।

কমিশন ডিএসই এবং সিএসই-এর ট্রেক হোল্ডারদের দাখিলকৃত বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে। ২০১৮-২০১৯ অর্থবৎসরে বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে বিনিয়োগকারীদের সমন্বিত গ্রাহক হিসাবে ঘাটতি ৮৮২,২৫৬,৯১৬.০০ টাকা এবং কোম্পানির পরিচালকবৃন্দ কর্তৃক নিয়ম বর্হিভূতভাবে গৃহীত ঋণ ৭০,৮৭৬,০৫৫.০০ টাকা অর্থ্যাৎ মোট (৮৮২,২৫৬,৯১৬.০০+৭০,৮৭৬,০৫৫.০০) ৯৫৩,১৩২,৯৭১.০০ টাকা ঘাটতি এবং ঋণ সমন্বয় করা হয়েছে। কমিশন কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ফলে উক্ত ঘাটতি এবং পরিচালকবৃন্দ কর্তৃক নিয়ম বর্হিভূতভাবে


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

গৃহীত ঋণ সংশ্লিষ্ট ট্রেকহোল্ডারদের কোম্পানী হিসাবে ফেরত আনা হয়েছে । এসংক্রান্ত একটি সংক্ষিপ্ত বিবরনী নিচে তুলে ধরা হলো:

**সমন্বিত গ্রাহক হিসাবের ঘাটতি সমন্বয়ের সারসংক্ষেপ:**

| বিবরণ | ডিএসই-এর ট্রেক হোল্ডার | | সিএসই-এর ট্রেক হোল্ডার | |
|---|---|---|---|---|
| | কোম্পানীর সংখ্যা | টাকা | কোম্পানীর সংখ্যা | টাকা |
| আলোচনা সভার মাধ্যমে সমন্বয় | ১৬ | ২৮১,৮২৭,৩৭৮.০০ | ০৩ | ২৬,০২৪,৪৯৮.০০ |
| নির্দেশনা দেয়ার পর সমন্বয় | ০৫ | ৪৯৯,২২৪,৫৬৩.০০ | ০২ | ৭৫,১৮০,৪৭৭.০০ |
| মোট | ২১ | ৭৮১,০৫১,৯৪১.০০ | ০৫ | ১০১,২০৪,৯৭৫.০০ |
| মোট ডিএসই+সিএসই (৭৮১,০৫১,৯৪১.০০+১০১,২০৪,৯৭৫.০০)=৮৮২,২৫৬,৯১৬.০০ | | | | |

নির্দেশনা জারির পর নিম্ন বর্ণিত ট্রেক হোল্ডারদের সমন্বিত গ্রাহক হিসাবে ঘাটতি সমন্বয়ের বিবরন নিম্নে দেয়া হলো:

| নাম | গ্রাহক হিসাবের ঘাটতির পরিমান | ঘাটতি সমন্বয়ের পরিমান |
|---|---|---|
| শ্যামল ইক্যুইটি ম্যানেজমেন্ট লি. (ডিএসই ০৩) | ২২,৬৪,৪৬,৪১১.১৬ | ২২,৬৪,৪৬,৪১১.১৬ |
| জয়তুন সিকিউরিটিজ ইন্টা. লি. (ডিএসই ১৪৮) | ৯,৭৭,৭৩,০৩৮.০০ | ৯,৭৭,৭৩,০৩৮.০০ |
| সার্প সিকিউরিটিজ লি. (ডিএসই ২১৬) | ১২,১৯,৭৯,৮৮২.৩১ | ১২,১৯,৭৯,৮৮২.৩১ |
| লতিফ সিকিউরিটিজ লি. (ডিএসই ৮০) | ১,৫৬,৮৩,৫৮৯.০০ | ১,৫৬,৮৩,৫৮৯.০০ |
| প্রিমিয়ার লিজিং সিকিউরিটিজ ব্রোকিং লি. (ডিএসই ১৩৬) | ৩,৭৩,৪১,৬৪৩.০০ | ৩,৭৩,৪১,৬৪৩.০০ |
| এস.আর. ক্যাপিটাল সিকিউরিটিজ লি. (সিএসই ৩৮) | ৩,২৪,৭৬,৬০৭.০০ | ৩,২৪,৭৬,৬০৭.০০ |
| ইস্টার্ণ শেয়ারস্ এন্ড সিকিউরিটিজ লি. (সিএসই ৫৮) | ৪,২৭,০৩,৮৭০.০০ | ৪,২৭,০৩,৮৭০.০০ |
| **মোট** | **৫৭,৪৪,০৫,০৪০.৪৭** | **৫৭,৪৪,০৫,০৪০.৪৭** |

নির্দেশনা জারির পর কোম্পানির পরিচালকবৃন্দ কর্তৃক নিয়ম বহির্ভূতভাবে গৃহীত ঋণ সুবিধা সমন্বয়ের সারসংক্ষেপ:

| বিবরণ | ডিএসই-এর ট্রেক হোল্ডার | | সিএসই-এর ট্রেক হোল্ডার | |
|---|---|---|---|---|
| | কোম্পানীর সংখ্যা | টাকা | কোম্পানীর সংখ্যা | টাকা |
| আলোচনা সভার মাধ্যমে সমন্বয় | ০৩ | ১৮,০৭৭,৭০০.০০ | ০১ | ৫,৭৮৮,৩৫৫.০০ |
| নির্দেশনা দেয়ার পর সমন্বয় | ০১ | ৪৭,০১০,০০০.০০ | - | - |
| মোট | ০৪ | ৬৫,০৮৭,৭০০.০০ | ০১ | ৫,৭৮৮,৩৫৫.০০ |
| মোট ডিএসই+সিএসই (৬৫,০৮৭,৭০০.০০+৫,৭৮৮,৩৫৫.০০)= ৭০,৮৭৬,০৫৫.০০ | | | | |

০৩/০২/২০২২

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।